জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েব সাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং:- এনএইচআরসিবি/নিয়োঃকর্মক:কর্মচারী/১৩৯/১১(অংশ-১)-৪৯৬২ তারিখ: ১০/১২/২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় মানবাধিকার কমিশন-এর নিম্নবর্ণিত শূন্যপদে নিয়োগের জন্য চাহিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে জনপ্রশাসনের নির্ধারিত ছকে আবেদন আহবান করা যাচ্ছে:

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	জেলা
১	২	৩	৪	৫
১.	সহকারী পরিচালক (গবেষণা) ২২০০০-৫৩০৬০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১(এক)টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর ডিগ্রী; এবং (খ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলি

১। ৩১/১২/২০১৭ খ্রি. তারিখে আবেদনকারীর ন্যূনতম বয়স ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার 'পুত্র-কন্যা' এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের নির্ধারিত স্থানে ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে এবং অতিরিক্ত ০৩ (তিন) কপি পার্সপোট সাইজের ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে। সংযুক্ত ছবিতে সত্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষরের নিচে নামসহ সিল থাকতে হবে।

৩। প্রার্থীর নাম, বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ৬.০০ (ছয়) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ১০.৫"× ৪.৫" সাইজের পৃথক একটি খাম আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

৪। নির্দিষ্ট বয়সসীমার মধ্যে সরকারি/আধাসরকারি প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবেন। উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৫। খামের উপরে ডান পাশে আবেদনকৃত পদের নাম, নিজ জেলার নাম ও বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ থাকতে হবে।

৬। প্রদত্ত চাকরির আবেদন ফরম পূরণ করে **সচিব, জাতীয় মানবাধিকার কমিশন, বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯, কারওয়ান বাজার, ঢাকা- ১২১৫** বরাবরে আগামী ৩১/১২/২০১৭ খ্রি: তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগ/কুরিয়ার সার্ভিসে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি বিধান অনুসরণ করা হবে।

৮। ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৯। যে কোন ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১০। মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে উল্লিখিত সকল প্রকার সনদ পত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।

১১। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা প্রার্থীগণের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১২। মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার 'পুত্র-কন্যা'গণের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণের জন্য মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার কাউন্সিলর/সিটি কর্পোরেশন কাউন্সিলর কর্তৃক প্রদত্ত 'ওয়ারিশান সনদ' মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১৩। উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত মূল সনদপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১৪। প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা আনসার এ্যাডজুটেন্ট এর নিকট হতে প্রাপ্ত মূল সনদপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১৫। শারীরিক প্রতিবন্ধী ও এতিমখানা নিবাসী প্রার্থীগণের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের জেলা/উপজেলা পর্যায়ের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১৬। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে কিংবা আবদনকারীর লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণে বাধ্য থাকবে না।

১৭। উপযুক্ত প্রার্থীগণকে বিভিন্ন পরীক্ষার তারিখ ও সময় পত্র দ্বারা যথাসময়ে অবহিত করা হবে।

১৮। প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদপত্র/কাগজপত্র/ প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরি প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাকে চাকুরি থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

১৯। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে পরীক্ষায় অবতীর্ণ (Appeared) প্রার্থীদের আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

২০। লিখিত/মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীকে নিজ খরচে কমিশন কর্তৃক নির্ধারিত স্থানে উপস্থিত থাকতে হবে।

২১। এ নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী সকল কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

২২। নিয়োগ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সকল সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩। চাকরির নির্ধারিত ছকে আবেদন করতে হবে। উক্ত নির্ধারিত ছক জাতীয় মানবাধিকার কমিশনের ওয়েব সাইট (**www.nhrc.org.bd**) থেকে ডাউনলোড করা যাবে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (**www.mopa.gov.bd**) পাওয়া যাবে। এছাড়া, নিয়োগ বিজ্ঞপ্তি কমিশনের ওয়েব সাইটে পাওয়া যাবে।

১০/১২/১৭

(কাজী আরফান আশিক)
পরিচালক (প্রশাসন ও অর্থ) (অতিরিক্ত দায়িত্ব)
জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ